

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ৬৫৭

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ আগষ্ট ২০২৬ খ্রি.

বিষয়: সমিতি হতে উত্তোলনকৃত অর্থ ব্যাংকে জমাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত ইরেসপো কর্মসূচির আওতায় মহিলা পল্লী উন্নয়ন সমিতি হতে সাপ্তাহিক/ মাসিক ভিত্তিতে সুফলভোগীদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তি আদায় করে মাঠসংগঠক কর্তৃক ব্যাংক জমা রশিদের মাধ্যমে উপজেলায় রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করা হয়ে থাকে। ব্যাংকে জমা করার পরে মাঠসংগঠক ইরেসপো সদর দপ্তর কর্তৃক সরবরাহকৃত জমা স্লিপে সদস্য ও সমিতি ওয়ারি ডিটেইল লিস্ট প্রস্তুত করে ব্যাংকের জমা রশিদসহ প্রকল্পের হিসাব সহকারীর নিকট জমা প্রদান করেন। হিসাব সহকারী উক্ত জমা স্লিপ মোতাবেক শর্টিংসীট, ঋণ লেজার, ক্যাশ বহি, ডে-বুক হালনাগাদ করে থাকেন।

ইদানিং মাঠপর্যায়ে কার্যক্রম পরিদর্শন ও পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, অনেক মাঠসংগঠক একাধিক সমিতি হতে সঞ্চয় ও ঋণের অর্থ আদায় করে সমিতি নাম ও আদায়কৃত সঞ্চয় ও ঋণের পরিমান উল্লেখ না করে একটি জমা রশিদে সকল সমিতির টাকা ব্যাংকে জমা করেন। ফলে পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি হলে কোন সমিতি থেকে কত তারিখে কত টাকা আদায় করা হয়েছে তার তথ্য পাওয়া যায় না, ফলশ্রুতি বিভিন্ন অনিয়ম সংঘটিত হওয়ার সুযোগ সৃষ্টি হচ্ছে। তাই আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করণের লক্ষ্যে আদায়কৃত সঞ্চয় ও ঋণের অর্থ সমিতিওয়ারি আলাদা আলাদা তিন পার্ট চালানে (Three Part Deposit Slip) ব্যাংকে জমা করে জমা রশিদ এর এক অংশ ব্যাংকে, এক অংশ অফিসে এবং এক অংশ সংশ্লিষ্ট সমিতির ম্যানেজারের নিকট প্রদান করতে হবে। ইরেসপো কর্তৃক সরবরাহকৃত ডিটেইল জমা স্লিপের মন্তব্যের কলামে ব্যাংক জমা রশিদ এর স্ক্রোল নম্বর ও তারিখ উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, প্রদত্ত নির্দেশনা মোতাবেক সমিতি থেকে উত্তোলিত সঞ্চয় ও ঋণের অর্থ ব্যাংকে জমা নিশ্চিত করনে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা.............. জেলা..............

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য
১. যুগ্মপরিচালক, বিভাগীয় দপ্তর, বিআরডিবি (সংশ্লিষ্ট বিভাগ) ..................
২. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা)..............
৩. প্রোগ্রামার ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি,ঢাকা
৫. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী,বিআরডিবি,ঢাকা
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো (সংশ্লিষ্ট উপজেলা)............
৭. অফিস নথি/গার্ড ফাইল।